# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## "অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম"

ISO 9001:2015 CERTIFIED

প্যাকেজ নং- কোটেশন নম্বর: ২৭/২০২৪-২০২৫; তারিখ: ১৯/০৫/২০২৫খ্রিঃ

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

পাটকেলঘাটা, সাতক্ষীরা ।

দুরালাপনী
সিনিয়র জেনারেলম্যানেজার : ০১৭৬৯-৪০০০৭২
অফিস/অভিযোগকেন্দ্র : ০১৭৬৯-৪০১৮১০
Web site : pbs.satkhira.gov.bd
E-mail :satkhirapbs@yahoo.com

# সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

**প্রধানকার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা**

ISO 9001:2015 Certified

| | | |
|---|---|---|
| স্মারক নং-২৭.১২.৮৭৯০.৫১৫.০১.০৩৮.২৫. ২৬২৪ | তারিখঃ | ০৫জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ<br>১৯ মে'২০২৫খ্রিঃ |

**"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম"** জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)

কোটেশন নম্বর: (২৭/২০২৪-২০২৫), তারিখ: ১৯/০৫/২০২৫খ্রিঃ

প্রতি

......................................................................................................................................

০১। সিনিয়র জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পবিস এর প্রয়োজনের **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম"** ক্রয় করা আবশ্যক হওয়ায় সমিতির নিজস্ব তহবিল হতে অর্থ বরাদ্দ আছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম **২৫/০৫/২০২৫খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা**-এ কোটেশন সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, পাটকেলঘাটা, সাতক্ষীরা, দাখিল করতে হবে। কোটেশনের খামের উপর **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম"** সরবরাহের দরপত্র-ক**থাটি** স্পষ্ট লিখতে হবে। কোটেশন ২৫**/০৫/২০২৪ খ্রিঃ তারিখ** বেলা **১১:০৫ ঘটিকায়** খোলা হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম"** সরবরাহের পর সমিতির মালামাল যাচাই কমিটি কর্তৃক সন্তোষজনক প্রত্যয়ন সাপেক্ষে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

০৯। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের পর প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১০। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আবগাড়ী, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণ স্বরূপ হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর, আয়কর প্রত্যয়ন ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিল পত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিত ১৯৮২
পাটকেলঘাটা, সাতক্ষীরা

১৪। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে মালামাল সরবরাহের কাজ সম্পন্ন করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যথাসময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৬। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ জুলফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের জন্য প্রেরিত হইল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। জেলা প্রশাসক/ পুলিশ সুপার-সাতক্ষীরা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবঃ পরিঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরাধকৃত)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল মানেজার, .......................... পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, সাতক্ষীরা।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলইজিডি/সড়ক ও জনপথ বিভাগ, সাতক্ষীরা।
০৭। ডিজিএম, সকল জোনাল অফিস, সাতক্ষীরা পবিস
০৮। এজিএম- (ইএন্ডসি/ সদস্য-সেবা/প্রশাসন, সাতক্ষীরা পবিস।
০৯। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, সাতক্ষীরা
১০। এজিএম (আইটি),সাতক্ষীরা পবিস- ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন।

২৯/৫/২০
(অনিক প্রধান)
এজিএম(প্রশাসন)

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিত-১৯৮২

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর: (২৭/২০২৪-২০২৫), তারিখ: ১৯/০৫/২০২৫ খ্রিঃ

প্রতি
**সিনিয়র জেনারেল ম্যানেজার,**
**সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম" সরবরাহের** জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ....................................

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময় সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশ গ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয়আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা **১৯/০৫/২০২৫** খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমার/আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বর: (**২৭/২০২৪-২০২৫**), তারিখ: ১৯/**০৫/২০২৫**খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাণের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১. | 1 | **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম"** | শীট | ৪ লক্ষ | | | | সাতক্ষীরা পবিস এর সদর দপ্তরের কমন স্টোর। |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | ০৯ নং কলামে নির্দেশিত স্থানে। |
| মোট মূল্য টাকায় (কথায়) | *[উপরোল্লিখিত তফশীলের ৭ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।]* |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

**আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে[-----] টি সংশোধন যথাযথ ভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ......................দিন/মাস/বছর পর্যন্ত বৈধ** [**কোটেশনের বৈধতার তারিখ** লিখুন]

| | |
|---|---|
| **সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর** | |
| **কোটেশনদাতার নাম** | তারিখ: |

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

কোটেশন নম্বর: (২৭/২০২৪-২০২৫), তারিখ: ১৯/০৫/২০২৫ খ্রিঃ

| ক্রমিক নং | আইটেম নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | | **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম"** | কাগজের মান | ৭০ gsm উন্নতমানের অফসেট সাদা কাগজে নমুনা মোতাবেক সরবরাহ করতে হবে। | | |
| | | | সাইজ | ১১"x৯.৫" (পারপুরেশন ব্যতিত ১১"x৮.৫") | | |
| | | | ওজন | মুদ্রিত ছিদ্রযুক্ত ২০০০ শীটের ওজন ৯.৩৩ কেজি(কার্টুন ব্যতিত) হতে হবে। | | |
| | | | সরবরাহ | ২০০০ শীটের বক্স নমুনা মোতাবেক সরবরাহ করতে হবে। | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| **সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর** | তারিখ: |
|---|---|
| **কোটেশন দাতার নাম** | |

টীকা:

১. কলাম ১, ২,৩,৪ ও ৫ ক্রয়কারী এবং কলাম ৬,৭ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী)ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গবিবরণী)সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল্য (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র ( brochures ) সংযুক্ত করবে।

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
পাটকেলঘাটা, সাতক্ষীরা।

দরদাতা প্রতিষ্ঠানের নাম ____________________

## সরবরাহ সময়সীমার তালিকা

| মালামালের বিবরণ | পরিমাণ | সরবরাহ সময়সীমা | উদ্ধৃত সময়সীমা | যে স্থান হতে সরবরাহ করা হবে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| দরপত্র সিডিউলে বর্নিত ১ টি আইটেমের মালামাল | ৪ লক্ষ<br>১০০% | ১০ দিন | | সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির কমন ষ্টোর |

নোট : কার্যাদেশ প্রদানের তারিখকে সরবরাহ সময়সীমা শুরু হবার তারিখ হিসেবে গণ্য করা হবে। তালিকায় বর্ণিত সরবরাহ সময়সীমার বেশী সময় উদ্বৃত করলে দরপত্র নন-রেসপনসিভ বিবেচিত হবে।

____________________

দরদাতার স্বাক্ষর

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিত-১৯৮২
পাটকেলঘাটা, সাতক্ষীরা

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীন নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করতে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখ পূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালান জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে-------------------------কথায়----------------------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি সময়সীমার ভিতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যে ক্ষতি হলে সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তন গুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিত-১৯৮২

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

(মোঃ জুলফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার
সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
পাটকেলঘাটা, সাতক্ষীরা
তারিখ:

সরবরাহকারীর জন্য

নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর

তারিখ: